



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৪৪/ ৯২/৪

তারিখঃ ২৫.০৪.২০১৮খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটি ভেঞ্চে দেয়া এবং জনাব মোঃ আব্দুল হামিদ অফিস সহকারী হিসেবে নিযুক্ত থাকা প্রসঙ্গে।

- সূত্রঃ
- ১) নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৪৪/৮৭৩/৪; তারিখঃ ১১.০২.২০১৮খ্রিঃ
 - ২) নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৪৪/৮১৭/৪; তারিখঃ ১৫.১১.২০১৭খ্রিঃ
 - ৩) স্মারক নং- ০৫.৫৫২৭৬৪.০০০.০০.০০০.১৭-১৮৩৫; তারিখঃ ০৬ আগস্ট ২০১৭খ্রিঃ
 - ৪) নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৪৪/৩১৬/৩; তারিখঃ ২৮/০৩/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার সদর উপজেলাধীন বানজিরা আলিম মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে উক্ত মাদ্রাসার অফিস সহকারী জনাব মোঃ আব্দুল হামিদকে একই দিনে ০৩ (তিন)টি কারণ দর্শানো নোটিশ প্রদান, সাময়িক বরখাস্তের পত্র দেয়া এবং হাজিরা খাতায় স্বাক্ষর করতে না দেয়াসহ ষড়যন্ত্রমূলকভাবে চাকুরিচ্যুত করার অপচেষ্টায় লিপ্ত আছেন মর্মে অফিস সহকারী জনাব মোঃ আব্দুল হামিদ একখানা অভিযোগপত্র অত্র বোর্ডে দাখিল করেন।

অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুরকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুর তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন পূর্বক সূত্রোক্ত ৩নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, বানজিরা আলিম মাদ্রাসার অফিস সহকারী জনাব মোঃ আব্দুল হামিদকে মাদ্রাসার এডহক কমিটি কর্তৃক সাময়িক বরখাস্তের আদেশটি যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে করা হয়নি বিধায় তাঁর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার পূর্বক অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চালু রাখা যেতে পারে মর্মে মন্তব্য অংশে উল্লেখ করা হয়।

তদন্ত প্রতিবেদনের আলোকে অফিস সহকারী জনাব মোঃ আব্দুল হামিদ এর সাময়িক বরখাস্তের আদেশটি যথাযথ প্রক্রিয়ায় অনুসরণ পূর্বক করা হয়নি বিধায় অফিস সহকারী জনাব মোঃ আব্দুল হামিদ এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য সভাপতি ও অধ্যক্ষকে সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে অদ্যাবধি কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি মর্মে অফিস সহকারী মোঃ আব্দুল হামিদ বোর্ডে আবেদন দাখিল করেন।

আবেদনের প্রেক্ষিতে বোর্ড তথা সরকারি আদেশ অমান্য করায় কেন গভার্গিং বডি ভেঞ্চে দেয়া হবে না এবং অধ্যক্ষের বিরুদ্ধে কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরের নিকট সুপারিশ করা হবে না মর্মে সূত্রোক্ত ১নং স্মারকে সভাপতি ও অধ্যক্ষকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে যে জবাব দাখিল করা হয়েছে তা সন্তোষজনক নয়।

বর্গিত অবস্থায়-

- ক) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্গিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৮(১) এর ক্ষমতাবলে অত্র দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/৮০৫/৪/নথি নং-দিনাজপুর-১৪৪; তারিখঃ ০২/১১/১০১৭খ্রিঃ স্মারক অনুমোদিত গভার্গিং বডি ভেঞ্চে দেয়া হলো; এবং
- খ) জনাব মোঃ আব্দুল হামিদ উক্ত মাদ্রাসার অফিস সহকারী হিসেবে নিযুক্ত আছেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ, বানজিরা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর।

নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-১৪৪/ ৯২/৪

তারিখঃ ২৫.০৪.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুর।
২. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর।
৪. সভাপতি/সদস্যবৃন্দ- ভেঞ্চে দেয়া গভার্গিং বডি, বানজিরা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর।
৫. জনাব মোঃ আব্দুল হামিদ, অফিস সহকারী, বানজিরা আলিম মাদ্রাসা, সদর, দিনাজপুর।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪